# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো যখন সে দু‘আ করার সময় ইশারা করার ইচ্ছা করবে, তখন ডান হাতের শাহাদাহ অঙ্গুলি কিছুটা হেলিয়ে তা দিয়ে ইশারা করবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِذَا أَرَادَ الْإِشَارَةَ فِي الدُّعَاءِ يَجِبُ أَنْ يُشِيرَ بِالسَّبَّابَةِ الْيُمْنَى بَعْدَ أَنْ يَحْنِيَهَا قَلِيلًا

---

আরবী

880 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُعَاوِيَةَ عَنِ ابْنِ أَبِي ذُبَابٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: مَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَاهِرًا يَدَيْهِ يَدْعُو عَلَى مِنْبَرٍ وَلَا غَيْرِهِ وَلَكِنْ رَأَيْتُهُ يَقُولُ هَكَذَا وَقَالَ أَبُو سَعِيدٍ: بأصبعه السبابة من يده اليمنى يُقَوِّسُهَا.

الراوي : سَهْل بْن سَعْدٍ ا|المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 880 | خلاصة حكم المحدث:. منكر ـ

বাংলা

৮৮০. সাহল বিন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মিম্বারে অথবা অন্য কোথাও দুই হাত উঠিয়ে দু‘আ করতে দেখিনি তবে আমি তাকে এরকম করতে দেখেছি। আর আবূ সা‘ইদ বলেন, “ডান হাতের তর্জনী আঙ্গুল ধনুকের মতো বানিয়ে ইশারা করতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদু আবী ইয়ালা: ৩৫৩; আবূ দাউদ: ১১০৫; তাবারানী আল কাবীর: ৬০২৩; মুসনাদ আহমাদ: ৫/৩৩৭; হাকিম: ১/৫৩৬; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ১০/১৬৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে অন্যান্য সমার্থক বর্ণনা থাকার কারণে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে মুনকার তথা দুর্বল বলেছেন। (য‘ঈফ আবূ দাউদ: ২০৪।)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89383

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন